

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর  
বাংলাদেশ, ঢাকা।



স্মারক নং- ৩৭.০২.০০০০.১০৫.৩১.২১৪.১৯/২৫৩২/৭

তারিখ: ৩০/০৬/২০১৯ খ্রি।

বিষয়: শিক্ষক কর্মচারীদের বেতন-ভাতার বিলসহ অন্যান্য আর্থিক বিষয়ে প্রতিস্বাক্ষরের ক্ষমতা প্রদান।


উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, শরীয়তপুর জেলার জাজিরা উপজেলাধীন ডাঃ মোসলেম উদ্দিন খান কলেজের ড. রোকসানা পারভিন খান এবং ভারপ্রাপ্ত অধ্যক্ষ জনাব মো: মোস্তাফিজুর রহমান এর বিরুদ্ধে ক্ষমতার অপব্যবহার, স্বেচ্ছাচারিতা ও লাগামহীন দুর্নীতিসহ বিভিন্ন অনিয়মের বিষয়ে আইনানুগ ব্যবস্থা গ্রহণের জন্য জনাব মো: আব্দুল আলিম বেপারী আবেদন করেন।

জাতীয় বিশ্ববিদ্যালয় ড. রোকসানা পারভিন খান এর স্থলে জনাব মো: আব্দুল আলিম বেপারীকে সভাপতি করে সংশ্লিষ্ট কলেজের গভর্ণিং বডির দায়িত্ব দিয়ে পত্র প্রেরণ করেন। পত্রটির বিরুদ্ধে জনাব ড. রোকসানা পারভীন খান মহামান্য হাইকোর্টে রিট পিটিশন নং- ৪৫১১/২০১৯ দায়ের করেন। রিট পিটিশনের আদেশে জাতীয় বিশ্ববিদ্যালয়ের পত্রকে স্থগিত করা হয়। মহামান্য হাইকোর্ট বিভাগের স্থগিতাদেশের বিরুদ্ধে জনাব মো: আব্দুল আলিম বেপারী সুপ্রিম কোর্টের আপিল বিভাগে আপিল নং- ১৫০২/২০১৯ দায়ের করেন। আপিল মামলায় মহামান্য চেম্বার আদালত ২১/০৭/২০১৯খ্রি. তারিখ শুনানীর দিন ধার্য করেন এবং একই সাথে স্থিতিবস্থার আদেশ জারি করেন।

মাউশি অধিদপ্তরের বিজ্ঞ আইন উপদেষ্টার মতামত: At this stage, to avoid any legal problem and to protect illegal disbursement of government money during pendency of CPLA No 1502 of 2019 in the Hon'ble appellate division, to run the functioning of Dr Moslem Uddin Khan Degree College, Jajira, Shariatpur as per the provisions of law due to existing disputes between two president o Governing body the Upazila Nirbahi Officer, Jajira, shariatpur would countersign the salary sheet and other financial activities by putting signature till disposal of CPLA No 1502/2019 to be heard on 21.07.2019. After hearing of CPLA No 1502/2019 to be heard on 21.07.2019, further decisions be taken following the judgement and order of the Hon'ble appellate division.

মাউশি অধিদপ্তরের আইন শাখা ব্যাখ্যা: আইনগত সমস্যা পরিহারের লক্ষ্যে এবং সরকারি অর্থের তসরুপ বন্ধের জন্য আপিল মামলা নিষ্পত্তি না হওয়া পর্যন্ত ডাঃ মোসলেম উদ্দিন খান ডিগ্রী কলেজ সুচারুভাবে পরিচালনার লক্ষ্যে শিক্ষক কর্মচারীদের বেতন ভাতার বিল ও অন্যান্য আর্থিক বিষয়াদির বিষয়ে প্রতিস্বাক্ষর করার জন্য উপজেলা নির্বাহী অফিসার, জাজিরা, শরীয়তপুরকে দায়িত্ব দিয়ে পত্র প্রেরণ করা যেতে পারে।

এমতাবস্থায়, আইন উপদেষ্টার নির্দেশনা অনুযায়ী কলেজটির শিক্ষক-কর্মচারীদের বেতন-ভাতার বিলসহ অন্যান্য আর্থিক বিষয়ে প্রতিস্বাক্ষরের জন্য আপনাকে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

  
৩০.০৬.২০১৯

(ফারহানা আক্তার)  
সহকারী পরিচালক (ক-৩)  
ফোন নং ৯৫৫৬০৫৭

উপজেলা নির্বাহী অফিসার,  
জাজিরা, শরীয়তপুর।

অনুলিপি : সদয় অবগতি ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)।

- ০১। পরিচালক (কলেজ ও প্রশাসন), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
- ০২। জেলা প্রশাসক, শরীয়তপুর।
- ০৩। সভাপতি, পরিচালনা পরিষদ, ডাঃ মোসলেম উদ্দিন খান কলেজ, জাজিরা, শরীয়তপুর।
- ০৪। অধ্যক্ষ (ভারপ্রাপ্ত), ডাঃ মোসলেম উদ্দিন খান কলেজ, জাজিরা, শরীয়তপুর।
- ০৫। জেলা শিক্ষা অফিসার, শরীয়তপুর।
- ০৬। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, জাজিরা, শরীয়তপুর।
- ০৭। সংরক্ষণ নথি।